



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বার্ষিক প্রতিবেদন ২০১৬-২০১৭



ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
ভূমি মন্ত্রণালয়
৩/এ নীলক্ষেত, কাটাবন ঢাল, ঢাকা।
www.latc.gov.bd



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বার্ষিক প্রতিবেদন
২০১৬ - ২০১৭



ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
ভূমি মন্ত্রণালয়
৩/এ নীলক্ষেত, কাটাবন ঢাল, ঢাকা।
www.latc.gov.bd

বার্ষিক প্রতিবেদন
২০১৬ – ২০১৭

প্রকাশ কাল
সেপ্টেম্বর, ২০১৭

প্রকাশনায়
ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
ভূমি মন্ত্রণালয়
৩/এ নীলক্ষেত, কাটাবন ঢাল
ঢাকা-১২০৫।

কম্পিউটার কম্পোজ
মো: শামীম হোসেন

মুদ্রণ
বেস্ট প্রিন্টার্স
২৭৮/৩, এলিফ্যান্ট রোড, কাটাবন, ঢাকা।



বাণী

মো. আব্দুল জলিল
সচিব
ভূমি মন্ত্রণালয়।

ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র প্রতি বছরের ন্যায় এ বছরও ২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রকাশ করতে যাচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত।

ভূমির সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে জনগণের সেবার চাহিদা পূরণে দক্ষ ও প্রশিক্ষিত জনবল গঠন অত্যন্ত গুরুত্বপূর্ণ। ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র বিগত ১৯৮৭ খ্রিষ্টাব্দ হতে অত্যন্ত নিষ্ঠার সঙ্গে নিরলসভাবে এ দায়িত্ব পালন করে আসছে। এ পর্যন্ত প্রতিষ্ঠানটি ভূমি ব্যবস্থাপনায় নিয়োজিত ৩৯,৪৮৭ জন কর্মকর্তা কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করেছে যা ভূমি ব্যবস্থাপনার মান উন্নয়নে একটি উল্লেখযোগ্য অগ্রগতি।

ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র ২০১৬-১৭ অর্থ বছরেও কর্মকর্তাদের জন্য ১৫টি এবং কর্মচারীদের জন্য ৩৭টি কোর্সের মাধ্যমে যথাক্রমে ৩৩৯ জন কর্মকর্তা এবং ১৪২৯ জন কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করে তাদের অগ্রযাত্রা অব্যাহত রেখেছে। এছাড়া প্রশিক্ষণ কোর্সের মডিউল উন্নয়ন, কর্ম-ভিত্তিক প্রশিক্ষণ, প্রশিক্ষণার্থীদের অন লাইন রেজিস্ট্রেশন ও বেসিক কম্পিউটার প্রশিক্ষণ কার্যক্রম চালু করেছে যা অত্যন্ত আশাব্যঞ্জক।

২০১৬-১৭ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদনে ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের পরিচিতি, প্রশিক্ষণ মডিউল, অর্জিত অগ্রগতি, আয় ব্যয়ের হিসাব প্রকাশসহ তাদের সার্বিক কর্মকান্ড তুলে ধরা হয়েছে যা স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে অত্যন্ত সহায়ক হবে বলে আমার বিশ্বাস।

আমি বার্ষিক প্রতিবেদন প্রকাশের এ উদ্যোগকে জানাই স্বাগত এবং এর সঙ্গে সংশ্লিষ্ট কেন্দ্রের পরিচালক ও অন্যান্য সকল সহকর্মীদের জানাই আন্তরিক ধন্যবাদ।

মো. আব্দুল জলিল
সচিব
ভূমি মন্ত্রণালয়।




মুখবন্ধ

মোহাম্মদ শাহেদ সবুর
পরিচালক (যুগ্ম-সচিব)
ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র
ঢাকা

জনগণের প্রত্যাশা পূরণের লক্ষ্যে ভূমি সম্পর্কে দ্রুত ও উৎকর্ষতর সেবা প্রদান তথা উত্তম ভূমি ব্যবস্থাপনা নিশ্চিত করার নিমিত্তে ভূমি মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তর-সংস্থা এবং মাঠ পর্যায়ে ভূমি ব্যবস্থাপনা ও ভূমি জরিপের সার্থে সম্পৃক্ত কর্মকর্তা-কর্মচারীদের ভূমি বিষয়ে প্রশিক্ষণ প্রদানের উদ্দেশ্যে ১৯৮৭ সালে ভূমি প্রশাসন প্রশিক্ষণ প্রশিক্ষণ কেন্দ্র প্রতিষ্ঠিত হয়। বর্তমান প্রযুক্তিগত পরিবর্তন, সরকারের সদিচ্ছা ও দায়বদ্ধতার কারণে ভূমি ব্যবস্থাপনার ডিজিটাইজেশন একান্তই প্রাসঙ্গিক হয়ে পড়েছে। ভূমি ব্যবস্থাপনার সাথে সম্পৃক্ত জনবলকে ডিজিটাইজেশনের নতুন নতুন প্রযুক্তি কৌশল সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করা জরুরি হয়ে পড়ে। ভূমি মন্ত্রণালয়ের এটি একমাত্র প্রশিক্ষণ প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি সৃষ্টি হওয়ার পর থেকেই কেন্দ্রীয়ভাবে ঢাকায় এবং জেলা পর্যায়ে প্রশিক্ষণের আয়োজন করে আসছে। ২০১৪-১৫ অর্থ বছর হতে বিভাগ পর্যায়েও এ প্রতিষ্ঠানের কার্যক্রম সম্প্রসারণ করা হয়েছে। বিভাগীয় পর্যায়ে ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের কার্যক্রমকে স্থায়ীরূপে প্রদানের জন্য বর্তমান সরকার বিভাগীয় ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র প্রতিষ্ঠার সিদ্ধান্ত গ্রহণ করেছে এবং ডিপিপি এখন চূড়ান্ত পর্যায়ে রয়েছে।

ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র স্বচ্ছতা, জবাবদিহিতা ও অবাধ তথ্য প্রবাহে বিশ্বাস করে। তৎপ্রেক্ষিতে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৬ ধারা এবং তথ্য অধিকার (তথ্য প্রকাশ ও প্রচার) প্রবিধিমালা, ২০১০ এর প্রবিধান ৩(১) এর তফসিলে বর্ণিত দিকনির্দেশনা অনুযায়ী স্বপ্রণোদিত তথ্য প্রকাশের অংশ হিসেবে ২০১৬-১৭ অর্থ বছরে সম্মাদিত কার্যক্রম, কর্মকর্তা/কর্মচারীদের তথ্য, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের কার্যাবলী ও তথ্য অবমুক্তকরণ নীতিমালা সন্নিবেশিত করে বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হয়।

বার্ষিক প্রতিবেদনটি, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণসহ অবকাঠামোগত সুযোগ-সুবিধা এবং ২০১৬-১৭ অর্থ বছরের সামগ্রিক কার্যক্রম সম্পর্কে ধারণা দিতে সক্ষম হবে বলে আমার দৃঢ় বিশ্বাস।


মোহাম্মদ শাহেদ সবুর
পরিচালক (যুগ্ম-সচিব)

সূচিপত্র

ক্রমিক	বিষয়	পৃষ্ঠা
০১	ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (এলএটিসি) এর পরিচিতি।	৬
০২	ভিশন ও মিশন।	৬-৭
০৩	ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের কার্যাবলী।	৭
০৪	ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের জনবল ও সাংগঠনিক কাঠামো।	৭-৯
০৫	ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের অবকাঠামোগত সুযোগ-সুবিধা।	১০-১২
০৬	ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র কর্তৃক গৃহীত নতুন নতুন সেবাসমূহ।	১২-১৩
০৭	প্রশিক্ষণ সংক্রান্ত বিষয়াবলী।	১৪
	(ক) প্রশিক্ষণ কোর্স।	১৪
	(খ) প্রশিক্ষণ পদ্ধতি।	১৫
	(গ) প্রশিক্ষণ মূল্যায়ন।	১৬
	(ঘ) অতিথি বক্তা ও সম্মানী।	১৬
	(ঙ) প্রশিক্ষণ মডিউল।	১৬-৩৪
	(চ) এ পর্যন্ত প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণ অগ্রগতি (১৯৮৭ - ২০১৭)।	৩৪-৩৫
	(ছ) একনজরে ২০১৬-১৭ অর্থ বছরের ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণের সাফল্য।	৩৫
০৮	ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে বর্তমানে কর্মরত জনবলের তথ্যাদি।	৩৫-৩৬
০৯	ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ২০১৬-১৭ অর্থ বছরের বাজেট সংক্রান্ত কার্যক্রম।	৩৬
১০	অনুষদ সদস্যবৃন্দ।	৩৭
১১	তথ্য অধিকার আইন সংক্রান্ত কার্যক্রম।	৩৮
১২	তথ্য অবমুক্তকরণ নীতিমালা।	৩৯-৫১

কোন দেশের সুশাসন ও উন্নয়নের একটি অন্যতম উপাদান হল আধুনিক ভূমি ব্যবস্থাপনা। আর আধুনিক ভূমি ব্যবস্থাপনা পরিচালনার জন্য প্রয়োজন দক্ষ জনশক্তি। এ দক্ষ জনশক্তি তৈরি হতে পারে ভূমি ব্যবস্থাপনার সাথে সম্পৃক্ত কর্মকর্তা/কর্মচারীদের উপযুক্ত প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে। ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র ভূমি ব্যবস্থাপনার সাথে সম্পৃক্ত কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ জনবল তৈরিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (এলএটিসি) এর পরিচিতিঃ

ভূমি ব্যবস্থাপনার সাথে সম্পৃক্ত জনবলকে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তোলার লক্ষে ভূমি মন্ত্রণালয় কর্তৃক ১৯৮৭ সালে “ভূমি প্রশাসন প্রশিক্ষণ কর্মসূচি” নামে একটি কর্মসূচি গ্রহণ করা হয়। প্রথম দফায় কর্মসূচির মেয়াদ নির্ধারণ করা হয় ১৯৮৭-৮৮ ও ১৯৮৮-৮৯ অর্থবছর। শুরুতে গণভবন, শেরেবাংলা নগর, ঢাকায় এর কার্যক্রম পরিচালিত হতে থাকে। পরবর্তিতে কর্মসূচির মেয়াদ ১৯৮৯-৯০ এবং ১৯৯০-৯১ অর্থবছর পর্যন্ত বৃদ্ধি করা হয় এবং ভূমি সংস্কার বোর্ড, ১৪১-১৪৩ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকায় এর কার্যক্রম পরিচালিত হতে থাকে। কর্মসূচিটি পুনরায় ১৯৯১-৯২ ও ১৯৯২-৯৩ অর্থ বছর পর্যন্ত বৃদ্ধি পায়। ইতোমধ্যে ভূমি ব্যবস্থাপনার ক্ষেত্রে প্রশিক্ষণের গুরুত্ব অনুধাবন করে সরকার “ভূমি প্রশাসন প্রশিক্ষণ কর্মসূচি” কে স্থায়ীরূপ দেয়ার সিদ্ধান্ত গ্রহণ করে। এ লক্ষ্যে “ভূমি প্রশাসন প্রশিক্ষণ কর্মসূচি” ০১-০৬-১৯৯৩ তারিখ হতে রাজস্ব বাজেটে স্থানান্তরিত হয়ে “ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র” নামে নামকরণ হয়। সে সময় থেকে ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের কার্যক্রম ভূমি মন্ত্রণালয়ের নিজস্ব ভবন ৩/এ নীলক্ষেত, কাটাবন, ঢাকা-১২০৫ এ পরিচালিত হচ্ছে। ২০১৩ সাল হতে ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, এর নিজস্ব ভবন ৩/এ নীলক্ষেত, কাটাবন ঢাল, ঢাকা-১২০৫ এ বৃহত্তর পরিসরে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করছে।



ভিশনঃ

সুশাসন প্রতিষ্ঠায় প্রশিক্ষণের মাধ্যমে ভূমি ব্যবস্থাপনার সাথে সম্পৃক্ত মানব সম্পদের অধিকতর দক্ষতা অর্জনে কার্যক্রম পরিচালনা।

মিশনঃ

১. কার্যকর প্রশিক্ষণের মাধ্যমে ভূমি প্রশাসনের সাথে সম্পৃক্ত কর্মকর্তা/কর্মচারীদের ভূমি সংক্রান্ত আইন, বিধি এবং পদ্ধতি সম্পর্কে অবহিতকরণ।
২. ভূমি ব্যবস্থাপনার ক্ষেত্রে কার্যকারিতা এবং দক্ষতা উন্নয়ন।
৩. ভূমি অফিসসমূহে ইতিবাচক পরিবেশ তৈরিতে কর্মকর্তা/কর্মচারীদের অনুপ্রাণিত করা।
৪. ভূমি ব্যবস্থাপনার জন্য যোগ্য, দক্ষ, দায়িত্বশীল, স্ব-উদ্যোগী, স্বচ্ছ এবং নৈতিকভাবে শক্তিশালী পেশাজীবী গড়ে তোলা।

ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের কার্যাবলীঃ

ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের মূল কাজ হলো ভূমি ব্যবস্থাপনা ও ভূমি জরিপের সাথে সম্পৃক্ত কর্মকর্তা/কর্মচারীদের ভূমি বিষয়ক প্রশিক্ষণ প্রদান। ভূমি ব্যবস্থাপনা বিভাগের মাঠ পর্যায়ের সর্বনিম্ন স্তর ইউনিয়ন ভূমি অফিসে কর্মরত ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, উপ-সহকারী কর্মকর্তা, উপজেলা ভূমি অফিস ও জেলা প্রশাসকের কার্যালয়ে কর্মরত নামজারী সহকারী, সার্টিফিকেট সহকারী, অফিস সহকারী, সার্ভেয়ার, কানুনগোসহ সমপর্যায়ের কর্মকর্তা/কর্মচারী, সহকারী কমিশনার, সহকারী কমিশনার (ভূমি), আরডিসি, জেসিও, এল.এ.ও, উপজেলা নির্বাহী অফিসার ও অতিরিক্ত জেলা প্রশাসক পর্যায়ের কর্মকর্তাদের ভূমি আইন সংক্রান্ত বিভিন্ন বিষয়ে ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, প্রশিক্ষণের আয়োজন করে থাকে। ভূমি মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন দপ্তর/অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারী এবং সেটেলমেন্ট বিভাগের সহকারী সেটেলমেন্ট অফিসার, উপ-সহকারী সেটেলমেন্ট অফিসার, কানুনগো, খারিজ সহকারীসহ বিভিন্ন পর্যায়ের কর্মচারীদের জন্যও ভূমি আইন বিষয়ক প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়। বাংলাদেশ পুলিশ এর সহকারী পুলিশ সুপার ও অতিরিক্ত পুলিশ সুপারগণও স্বল্প পরিসরে ভূমি ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্সে অংশ গ্রহণ করে থাকেন।

এছাড়া জেলা ও বিভাগ পর্যায়ে এ প্রশিক্ষণ কেন্দ্রের সহযোগিতায় জেলা প্রশাসন ও বিভাগীয় কমিশনারের কার্যালয় কর্তৃক ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা/উপ-সহকারী ভূমি কর্মকর্তা, নামজারী সহকারী, সার্টিফিকেট সহকারী, সার্ভেয়ার ও অফিস সহকারীসহ সমপর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের জন্য ১ সপ্তাহ ব্যাপী ভূমি ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়ে থাকে।


ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের জনবল ও সাংগঠনিক কাঠামোঃ

পরিচালক, ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, প্রতিষ্ঠানের প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন। এ কেন্দ্রের বর্তমান লোকবল ২৮ জন। ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের কলেবর বৃদ্ধি পাওয়ায় এবং প্রশিক্ষণ কেন্দ্রকে একটি গতিশীল প্রতিষ্ঠানে পরিণত করার উদ্দেশ্যে নতুন ১৫টি পদ সৃজন করা হয়। নব সৃষ্ট পদসহ নিয়োগ বিধি জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়ে পরবর্তী কার্যক্রমের প্রক্রিয়াধীন রয়েছে। লোকবল কাঠামো নীচে দেখানো হলোঃ

ক্রমিক	পদবি	বর্তমান পদ	নবসৃষ্ট পদ (প্রক্রিয়াধীন)	মোট পদ	বেতন গ্রেড
১	পরিচালক	০১	-	০১	৩ - ৯
২	উপ-পরিচালক	০২	-	০২	
৩	সহকারী পরিচালক	০৫	-	০৫	
৪	সহকারী প্রোগ্রামার	-	০১	০১	
৫	প্রকাশনা কর্মকর্তা	-	০১	০১	

ক্রমিক	পদবি	বর্তমান পদ	নবসৃষ্ট পদ (প্রক্রিয়াধীন)	মোট পদ	বেতন গ্রেড
৬	হোস্টেল সুপার	-	০১	০১	১০
৭	সহকারী লাইব্রেরিয়ান	-	০১	০১	১১ - ১৫
৮	প্রধান সহকারী	০১	-	০১	
৯	হিসাব রক্ষক	০১	-	০১	
১০	কম্পিউটার অপারেটর	০১	-	০১	
১১	লাইব্রেরি সহকারী কাম ক্যাটালগার	০১	-	০১	
১২	সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর	০১	-	০১	
১৩	নাজির কাম ক্যাশিয়ার	০১	-	০১	
১৪	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক	০৩	-	০৩	
১৫	গাড়ী চালক	০১	-	০১	
১৬	ইলেকট্রিশিয়ান	-	০১	০১	
১৭	ক্যাশ সরকার	০১	-	০১	১৬ - ২০
১৮	অফিস সহায়ক	০৬	-	০৬	
১৯	নিরাপত্তা প্রহরী	০২	০১	০৩	
২০	পরিচ্ছন্নতা কর্মী	০১	-	০১	
২১	প্লাম্বার কাম পাম্প অপারেটর	-	০১	০১	
২২	লিফট ম্যান	-	০১	০১	
২৩	বাবুর্চি	-	০১	০১	
২৪	সহকারী বাবুর্চি	-	০১	০১	
২৫	ক্লাস এ্যাটেনডেন্ট	-	০২	০২	
২৬	হোস্টেল বয়	-	০২	০২	
		মোট	২৮	১৪	৪২

ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের সাংগঠনিক কাঠামো



যানবাহন ও অফিস সরঞ্জামাদি

ক্রমিক	অফিস সরঞ্জামের নাম	পরিমাণ
০১	কম্পিউটার প্রিন্টারসহ (দপ্তর)	২০ (বিশ)টি
০২	কম্পিউটার (ল্যাব) ২টি ল্যাব x ২০টি	৪০ (চল্লিশ)টি
০৩	ল্যান প্রিন্টার	০৪ (চার)টি
০৪	লাপটপ	০৮ (আট)টি
০৫	সেন্ট্রাল সার্ভার	০১ (এক)টি
০৬	EMP-715-Multimedia LCD Projector	০১ (এক)টি
০৭	Multimedia LED Projector	০৫ (পাঁচ)টি
০৮	ফটোকপিয়ার	০৩ (তিন)টি
০৯	ওভারহেড প্রজেক্টর	০১ (এক)টি
১০	Unipex Meeting Amplifier (With Recorder & Cord less Microphone)	০৬ (ছয়)টি
১১	Refrigerator	০২ (দুই)টি
১২	Freezer	০১ (এক)টি
১৩	ভিডিও ক্যামেরা	০২ (দুই)টি
১৪	ডিভিডি প্লেয়ার	০২ (দুই)টি
১৫	ডিজিটাল ক্যামেরা	০২ (দুই)টি
১৬	মাইক	০৬ (ছয়)টি
১৭	ফ্যাক্স মেশিন	০৬ (ছয়)টি
১৮	টেলিভিশন	০২ (দুই)টি
১৯	গাড়ীঃ (ক) জীপ (খ) মাইক্রোবাস (গ) কার	০১ (এক)টি ০১ (এক)টি ০১ (এক)টি
২০	মোটর সাইকেল	০১ (এক)টি
২১	জেনারেটর ২০০ কেভি	০১ (এক)টি
২২	টেলিফোন	২০ (বিশ)টি
২৩	এয়ারকুলার মেশিনঃ	
	(ক) ক্লাসরুম (৩টি x ৩ রুম)	০৯ (নয়)টি
	(খ) ডাইনিং রুম	০৩ (তিন)টি
	(গ) লাইব্রেরী	০৩ (তিন)টি
	(ঘ) কনফারেন্স রুম	০২ (দুই)টি
	(ঙ) কম্পিউটার ল্যাব (২টি x ২ রুম)	০৪ (চার)টি
	(চ) কমন/টেলিভিশন রুম	০২ (দুই)টি
	(ছ) পরিচালক এর কক্ষ	০১ (এক)টি
	(জ) অভ্যর্থনা কক্ষ	০১ (এক)টি
২৪	লিস্ট	০২ (দুই)টি
২৫	পানির পাম্প	০৩ (তিন)টি
২৬	পানির ফিল্টার	০৪ (চার)টি

ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের (এলএটিসি) অবকাঠামোগত সুযোগ-সুবিধা:

১) ঢাকা বিশ্ববিদ্যালয়, নিউমার্কেট ও শাহাবাগ এলাকার কাছাকাছি কাটাবন ঢাল এলাকায় ২১.৫৮ শতক জমির উপর ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের নিজস্ব ভবন অবস্থিত। ১২ তলা ফাউন্ডেশন বিশিষ্ট এ ভবনের ১ম পর্যায় ৫তলা পর্যন্ত নির্মাণ কাজ শেষ হয়েছে এবং বর্তমানে এখানে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হচ্ছে।

২) ক্লাস রুম: এলএটিসি ভবনের ২য়, ৩য় ও ৪র্থ তলায় ৩টি ক্লাস রুম রয়েছে। প্রতিটি ক্লাস রুমে ৩৫ জন প্রশিক্ষণার্থীর অংশগ্রহণের সুবিধা আছে।




৩) ডরমিটরী: এলএটিসি ভবনের ৪র্থ ও ৫ম তলায় ডরমিটরীর জন্য ১৬টি কক্ষ রয়েছে। প্রতিটি কক্ষে ২জন করে মোট ৩২ জন প্রশিক্ষণার্থীর আবাসিক সুবিধা আছে।



৪) **লাইব্রেরি:** এলএটিসি ভবনের ৩য় তলায় একটি লাইব্রেরি স্থাপিত হয়েছে যার পুস্তক সংখ্যা তিন হাজারের অধিক। ভূমি আইনসংক্রান্ত বই পুস্তক ছাড়াও রাজনীতি, সাহিত্য ও অন্যান্য বিষয়ের বই এবং দৈনিক পত্রিকা ও ম্যাগাজিন রয়েছে।



৫) **কম্পিউটার ল্যাব:** এলএটিসি ভবনের ৩য় তলায় ২টি কম্পিউটার ল্যাব স্থাপন করা হয়েছে। প্রতিটি ল্যাবে ২০টি করে মোট মোট ৪০টি কম্পিউটার রয়েছে। কম্পিউটার ল্যাবের মাধ্যমে প্রশিক্ষার্থীদেরকে তথ্য ও প্রযুক্তির উপর প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়। ভবনের ২য় ও ৫ম তলায় **wifi** চালু করা হয়েছে।



৬) **ডাইনিং:** এলএটিসি ভবনের ৪র্থ তলায় ১০০ জন প্রশিক্ষণার্থীর আসন ব্যবস্থাসহ একটি উন্নতমানের ডাইনিং ব্যবস্থা রয়েছে। প্রশিক্ষণার্থীদের সকালের নাস্তা, চা, দুপুর ও রাতের খাবারের ব্যবস্থা এখানে করা হয়।



৭) **কমনরুম:** এলএটিসি ভবনের ৫ম তলায় ১টি কমনরুম রয়েছে যেখানে টেলিভিশন ও ইন্ডোর খেলাধুলার ব্যবস্থা রয়েছে।

ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র কর্তৃক গৃহীত নতুন নতুন সেবাসমূহ :

ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র প্রতিনিয়ত প্রশিক্ষণ গ্রহণ করতে আসা প্রশিক্ষণার্থীদের সেবা সমূহ সহজ করার জন্য নিত্য নতুন উদ্ভাবনের চেষ্টা চালিয়ে যাচ্ছে। এরই অংশ হিসেবে নিম্নবর্ণিত কার্যক্রম চালু করা হয়েছে :-

- **ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীগণের জন্য অনলাইন রেজিস্ট্রেশন ও হ্যান্ড আউট সরবরাহ:** প্রশিক্ষণার্থীগণ নমিনেশন পাওয়ার পর অনলাইনে “app.ladc.gov.bd” application এ য়েয়ে অথবা ladc.gov.bd ওয়েব সাইটে ‘অনলাইন রেজিস্ট্রেশন’ এ ক্লিক করে ফরমটি পূরণ করতে পারবেন। প্রশিক্ষণার্থীগণ অনলাইনে রেজিস্ট্রেশন ফরম পূরণ করার পর এসএমএস এ একটি কোড সরবরাহ করা হয়। উক্ত কোড দ্বারা অনলাইনে সরবরাহকৃত হ্যান্ড আউট রেজিস্ট্রিকৃত প্রশিক্ষণার্থীগণ পড়তে এবং ডাউন লোড করতে পারবেন। যা কোর্স শুরুর পূর্বেই সরবরাহ করা হয়।

- প্রত্যেক প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ চলাকালীন সময়ের জন্য ল্যাপটপ সরবরাহ : প্রশিক্ষণার্থীগণ কোর্সে অংশগ্রহণ করার পর প্রত্যেককে একটি করে ল্যাপটপ সরবরাহ করা হয়। যা প্রশিক্ষণ চলাকালীন সময় প্রশিক্ষণার্থীর নিকট থাকবে।



- ভিডিও কনফারেন্স সিস্টেম চালু করণ : ভিডিও কনফারেন্স সিস্টেমে বিভিন্ন বক্তা বাইরে থেকে ক্লাস পরিচালনা করতে পারেন। বিভাগ/জেলা পর্যায়ের প্রশিক্ষণ কার্যক্রম ভিডিও কনফারেন্স এর মাধ্যমে অত্র কেন্দ্র থেকে উদ্বোধন/ক্লাস পরিচালনা করা হয়।



প্রশিক্ষণ সংক্রান্ত বিষয়াবলীঃ

(ক) প্রশিক্ষণ কোর্স:

ভূমি মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত বার্ষিক প্রশিক্ষণ কর্মসূচির আওতায় কেন্দ্রে ৫টি পর্যায়ে ০২ সপ্তাহ মেয়াদের ভূমি ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়। কোর্সগুলো নিম্নরূপঃ

১) উচ্চতর ভূমি ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স: বিসিএস (প্রশাসন) ক্যাডারের উপজেলা নির্বাহী কর্মকর্তা, অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব/সার্বিক/এলএ/শিক্ষা) ও অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট এবং বিসিএস পুলিশ ক্যাডারের অতিরিক্ত পুলিশ সুপার পর্যায়ের কর্মকর্তাগণের জন্য এ প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়।

২) ভূমি ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স: বিসিএস (প্রশাসন) ক্যাডারের সহকারী কমিশনার, সহকারী কমিশনার (ভূমি), আর.ডি.সি, জিসিও এবং বিসিএস পুলিশ ক্যাডারের সহকারী পুলিশ সুপারগণের জন্য এ প্রশিক্ষণ কোর্স আয়োজন করা হয়।



প্রশিক্ষণার্থীদের সাথে অনুষদবৃন্দ

৩) ভূমি অধিগ্রহণ বিষয়ক প্রশিক্ষণ কোর্স: ভূমি অধিগ্রহণ কর্মকর্তা এবং অতিরিক্ত ভূমি অধিগ্রহণ কর্মকর্তাদের জন্য এ প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়।

৪) বিশেষ ভূমি ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স: ভূমি মন্ত্রণালয় ও এর দপ্তর/সংস্থার কর্মকর্তা ও কর্মচারীগণের (কানুনগো, ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা/উপ-সহকারী কর্মকর্তা, সার্ভেয়ার, নামজারী সহকারী, বেঞ্চ সহকারী, পেশকার, রাজস্ব সহকারী, অফিস সহকারী) জন্য এ প্রশিক্ষণ কোর্স আয়োজন করা হয়।

৫) বেসিক কম্পিউটার কোর্স: ভূমি মন্ত্রণালয় ও এর দপ্তর/সংস্থায় কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণের জন্য এ প্রশিক্ষণ কোর্স আয়োজন করা হয়।

এছাড়া জেলা ও বিভাগ পর্যায়ে “ভূমি ব্যবস্থাপনা প্রশিক্ষণ কোর্স” নামে ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা/ উপ-সহকারী ভূমি কর্মকর্তা, নামজারী সহকারী, সার্টিফিকেট সহকারী, সার্ভেয়ার ও অফিস সহকারীসহ সমপর্যায়ের কর্মকর্তা/ কর্মচারীদের জন্য ১ সপ্তাহ ব্যাপী প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়ে থাকে।

(খ) প্রশিক্ষণ পদ্ধতি:

বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ ও দপ্তরে কর্মরত কর্মকর্তা যারা ভূমি বিষয়ক বিভিন্ন আইন কানুনে অত্যন্ত পারদর্শী এবং মাঠ পর্যায়ে দীর্ঘদিন সরাসরি ভূমি ব্যবস্থাপনা ও জরিপ কাজের সাথে যুক্ত ছিলেন তাঁরা প্রশিক্ষক হিসেবে প্রশিক্ষণ প্রদান করে থাকেন। Powerpoint Presentation, প্রশ্ন-উত্তর পর্ব, দলীয় আলোচনা, কেস স্ট্যাডি, রোল-প্লে ইত্যাদি Two way communication এর মাধ্যমে প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। এছাড়া ভূমি ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরে সংযুক্তি প্রদান ও শিক্ষা সফরের মাধ্যমে ব্যবহারিক প্রশিক্ষণ দেয়া হয়। মাঝে মাঝে অভিজ্ঞতার বিনিময়ের জন্য সাক্ষ্য অধিবেশনে সরকারের পদস্থ কর্মকর্তা ও গুরুত্বপূর্ণ ব্যক্তিত্বদের আমন্ত্রণ করে মুক্ত আলোচনার ব্যবস্থা করা হয়। ভূমি সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে কর্মশালা এবং সেমিনারেরও আয়োজন করা হয়।



ফিল্ড ভিজিট

(গ) প্রশিক্ষণ মূল্যায়ন:

ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, বিভাগ এবং জেলা পর্যায়ে অনুষ্ঠিত প্রশিক্ষণকোর্সসমূহের প্রশিক্ষণার্থীদের প্রাক-মূল্যায়ন ও চূড়ান্ত মূল্যায়নের মাধ্যমে সার্বিক মূল্যায়ন করা হয়। প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণকালীন দলীয় আলোচনার মাধ্যমেও মূল্যায়ন করা হয়ে থাকে। অতিথি বক্তাদের জন্য নির্ধারিত মূল্যায়ন ফরমে প্রশিক্ষণার্থী কর্তৃক মূল্যায়নের ব্যবস্থা রয়েছে। প্রশিক্ষণার্থীদের মূল্যায়নের ভিত্তিতেই মূলত অতিথি বক্তাদের প্যানেল তৈরি হয়। এ ছাড়া কেন্দ্রে অনুষ্ঠিত কোর্সসমূহ ভূমি মন্ত্রণালয় কর্তৃক নিয়মিত পরীক্ষণ ও মূল্যায়ন করা হয়। জেলা ও বিভাগ পর্যায়ে অনুষ্ঠিত কোর্সসমূহে ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের কর্মকর্তাগণ অংশগ্রহণ করে থাকেন। বিভিন্ন পর্যায়ে মূল্যায়নের ভিত্তিতে প্রশিক্ষণ চাহিদা নিরূপন এবং প্রশিক্ষণ মডিউল তৈরি হয়।

(ঘ) অতিথি বক্তা ও সম্মানী:

ভূমি মন্ত্রণালয়ের সচিবসহ অন্যান্য কর্মকর্তা, চেয়ারম্যান, ভূমি আপিল বোর্ড; চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড; মহা-পরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর এবং সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ বিভিন্ন মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থায় কর্মরত কর্মকর্তাগণ প্রশিক্ষণ কার্যক্রমে অংশগ্রহণ করেন। এ জন্য সরকার কর্তৃক নির্ধারিত হারে সম্মানী ভাতা প্রদান করা হয়।

(ঙ) প্রশিক্ষণ মডিউল:

ভূমি প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, ঢাকায় অনুষ্ঠিত প্রশিক্ষণ কোর্স :

প্রশিক্ষণ কোর্স নং -১

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/ রাজস্ব /এল,এ/শিক্ষা ও উন্নয়ন) এবং অতিরিক্ত পুলিশ সুপারগণের জন্য “উচ্চতর ভূমি ব্যবস্থাপনা কোর্স - ১” (মেয়াদ- ১ সপ্তাহ = ২৫টি অধিবেশন)।

অধিবেশনসমূহ :

১। ভূমি ব্যবহার নীতিমালা, ২০০১।

২। ভূমি ব্যবস্থাপনায় ডিজিটাইজেশন, জরিপ কাজে জিপিএস, ইটিএস মেশিনের ব্যবহার।

৩-৪। রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন-১৯৫০

অধিবেশন-১ :।

অধিবেশন-২ :।

৫। প্রজাস্বত্ব বিধিমালা-১৯৫৫।

৬-৭। খাস জমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত নীতিমালা :

অধিবেশন-১ : কৃষি।

অধিবেশন-২ : অকৃষি।

৮। অর্পিত সম্পত্তি প্রত্যর্গণ আইন-২০০১ এবং অর্পিত সম্পত্তি নিষ্পত্তি।

৯। ওয়াক্ফ ও দেবোত্তর সম্পত্তির ব্যবস্থাপনা।

১০। অধিগ্রহণের কারণে ক্ষতিগ্রস্তদের পুনর্বাসন এবং অধিগ্রহণকৃত ভূমির ব্যবস্থাপনা।

১১-১২। সায়রাত মহল ব্যবস্থাপনা

অধিবেশন-১ : হাটবাজার ও জল মহাল সংক্রান্ত আইন ও নীতিমালা।

অধিবেশন-২ : বালু মহাল, পাথর মহাল, ঘাট/ফেরীঘাট, চা বাগান ব্যবস্থাপনা।

১৩-১৪। উত্তরাধিকার আইন।

অধিবেশন-১ : মুসলিম আইন।

অধিবেশন-২ : হিন্দু এবং অন্যান্য ধর্মাবলম্বীর আইন।

১৫। নামজারী, জমাখারিজ ও জমা একত্রীকরণ।

১৬। দারিদ্র বিমোচন কার্যক্রম : আদর্শগ্রাম, আশ্রয়ণ প্রকল্প, ক্লাইমেট ভিকটিমস রিহ্যাবিলিটেশন প্রজেক্ট (গুচ্ছগ্রাম)।

১৭। দেওয়ানী মামলা পরিচালনা ও দফাওয়ারী প্রতিবেদন প্রস্তুত প্রণালী।

১৮। ভূমি বিরোধের উৎস ও স্বরূপ এবং নিষ্পত্তি প্রক্রিয়া (আন্তঃব্যক্তি, আন্তঃমৌজা, আন্তঃজেলা ও আন্তর্জাতিক)।

১৯। খাস জমি উদ্ধার, সরকারী সম্পত্তির অবৈধ দখল উচ্ছেদ কার্যক্রম এবং সংশ্লিষ্ট আইন ও নীতিমালা।

২০। ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়েল- ১৯৯০।

২১। সুনির্দিষ্ট প্রতিকার আইন ও তামাদি আইন।

২২। সাসটেনেবল ডেভেলপমেন্ট গোল (এসডিজি) এবং পারস্পেকটিভ প্ল্যান (পিপি)।

২৩। তথ্য অধিকার আইন, ২০০৯।

২৪। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)।

২৫। অটিজম এবং অটিস্টিকদের সহায়তা।

২৬। প্রজেক্ট ম্যানেজমেন্ট।

২৭-২৮। বিষয় ভিত্তিক আলোচনা ও উপস্থাপন।

প্রশিক্ষণ কোর্স নং - ০২

উপজেলা নির্বাহী অফিসারদের জন্য “উচ্চতর ভূমি ব্যবস্থাপনা কোর্স - ২” (মেয়াদ- ১ সপ্তাহ = বাস্তবায়ন ২৫টি অধিবেশন)।

অধিবেশনসমূহ :

১। ভূমি ব্যবহার নীতিমালা, ২০০১ ও ভূমি ব্যবস্থাপনার আধুনিকায়ন।

২-৩। রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন-১৯৫০ (অধিবেশন ১ ও ২)।

৪। প্রজাস্বত্ব বিধিমালা- ১৯৫৫।

৫-৬। খাস জমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত নীতিমালা -

অধিবেশন-১ : কৃষি।

অধিবেশন-২ : অকৃষি।

৭-৯। সায়রাত মহল ব্যবস্থাপনা।

অধিবেশন-১ : হাট বাজারের আইন এবং হাটবাজার ব্যবস্থাপনা।

অধিবেশন-২ : জল মহল ও ঘাট/ ফেরীঘাট ব্যবস্থাপনা।

অধিবেশন-৩ : বালু মহাল ব্যবস্থাপনা ও বালু ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০।

১০-১১। উত্তরাধিকার আইন। অধিবেশন-১ : মুসলিম।

অধিবেশন-২ : হিন্দু এবং অন্যান্য।

১২। জরিপ কাজে জিপিএস, ইটিএস মেশিনের ব্যবহার এবং ভূমি প্রশাসনে জড়িত কর্মকর্তা কর্মচারীদের ভূমিকা।

১৩। খাস জমি উদ্ধার, সরকারী সম্পত্তি অবৈধ দখল উচ্ছেদ কার্যক্রম এবং সংশ্লিষ্ট আইন ও নীতিমালা।

১৪। আদর্শগ্রাম/ আশ্রয়ণ প্রকল্প / ও দারিদ্র বিমোচন প্রকল্প। ক্লাইমেট ভিকটিমস রিহ্যাবিলিটেশন প্রজেক্ট (গুচ্ছগ্রাম)।

১৫। অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন-২০০১ এবং অর্পিত সম্পত্তি নিষ্পত্তি।

- ১৬। ওয়াক্ফ এবং দেবোত্তর সম্পত্তির ব্যবস্থাপনা।
- ১৭। সরকারি দাবি আদায়- ১৯১৩।
- ১৮। এসি (ল্যান্ড) এবং ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শনের গুরুত্বপূর্ণ দিকসমূহ ও পরিদর্শন কলাকৌশল।
- ১৯। ভূমি অফিসে দুর্নীতি; এর কারণ, প্রতিকার ও প্রতিরোধ।
- ২০-২১। বিষয় ভিত্তিক দলীয় আলোচনা ও উপস্থাপন।
- ২২। আর্থিক ব্যবস্থাপনা ও ডিডিও এর ক্ষমতা এবং পিপিআর।
- ২৩। তথ্য অধিকার আইন, ২০০৯।
- ২৪। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)।
- ২৫। অটিজম এবং অটিস্টিকদের সহায়তা।
- ২৬। প্রজেক্ট ম্যানেজমেন্ট।
- ২৭-২৮। নির্ধারিত বিষয়ে আলোচনা ও উপস্থাপন।

প্রশিক্ষণ কোর্স নং - ৩

নবনিযুক্ত সহকারী কমিশনার (ভূমি)গণের জন্য “বেসিক ভূমি ব্যবস্থাপনা কোর্স” (মেয়াদ- ৩ সপ্তাহ = ৭৫ অধিবেশন)

মডিউল - ১ : ভূমি ব্যবস্থাপনার বিবর্তন, প্রচলিত ভূমি আইন, বিধি, নীতিমালা ও গঠিত কমিটির কার্যক্রম।

- ১। ভূমি ব্যবস্থার বিবর্তন, ভূমি সংশ্লিষ্ট আইন ও বিধি এবং ভূমি মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তরের সাংগঠনিক কাঠামো এবং কাজ।
- ২। ভূমি ব্যবস্থাপনায় আধুনিকায়ন এবং অটোমেশন।
- ৩। রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন - ১৯৫০ : অধিবেশন- ১ : ধারা : ০১ - ৭৮।
- ৪। রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন - ১৯৫০ : অধিবেশন- ২ : ধারা : ৭৯ - ১৫২।
- ৫। প্রজাস্বত্ব বিধিমালা - ১৯৫৫।
- ৬। জাতীয়, বিভাগ, জেলা, উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ে গঠিত ভূমি বিষয়ক কমিটি এবং কমিটির কার্যক্রম।
- ৭। ভূমি ব্যবহার নীতিমালা, ২০০১।
- ৮। ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়েল- ১৯৯০ এবং এর ব্যবহার।

মডিউল - ২ : খাস জমি ও সায়রাত মহাল ব্যবস্থাপনা।

- ১। খাস জমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত নীতিমালা অধিবেশন - ১ : কৃষি
- ২। খাস জমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত নীতিমালা অধিবেশন - ২ : অকৃষি
- ৩। সায়রাত মহাল ব্যবস্থাপনা - The Sairat Mahals(Management) Ordinance, 1959; The Hats and Bazars(Establishment and Acquisition) Ordinance, 1959; The Bangladesh Government Hats and Bazars(management) (Repeal) Ordinance, 1975 এবং হাটবাজার।
- ৪। জল, বালু, ফেরীঘাট, লবন, চিংড়ি, চা বাগান, পাথর মহাল, বনভূমি, রাবার বাগান, ফল বাগান, বাঁশ মহাল ইত্যাদি ব্যবস্থাপনা।
- ৫। প্রাকৃতিক জলাধার সংরক্ষণ আইন, ২০০০ এবং বালু ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০; The Culturable Waste Land (Utilization) Ordinance, 1959.

মডিউল - ৩ : অর্পিত; পরিত্যক্ত, বিনিময়, ট্রাস্ট ও কোর্ট অব ওয়ার্ডস সম্পত্তি এবং ওয়াক্ফ ও দেবোত্তর সম্পত্তি ব্যবস্থাপনা।

- ১। অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ ও অর্পিত সম্পত্তির ক ও খ তালিকা নিষ্পত্তি।
- ২। পরিত্যক্ত, বিনিময়, ট্রাস্ট সম্পত্তি এবং কোর্ট অব ওয়ার্ডস সম্পত্তির আইন ও ব্যবস্থাপনা।
- ৩। ওয়াক্ফ ও দেবোত্তর সম্পত্তি আইন ও সম্পত্তি ব্যবস্থাপনা।

মডিউল - ৪ : ভূমি উন্নয়ন কর, ও সরকারি পাওনা আদায় আইন, ১৯১৩।

- ১। ভূমি উন্নয়ন কর অধিবেশন- ১ : ভূমি উন্নয়ন কর অধ্যাদেশ, বিধি ও সার্কুলারসমূহ।
- ২। ভূমি উন্নয়ন কর অধিবেশন-২ : ভূমি উন্নয়ন কর নির্ধারণ ও আদায় কার্যক্রম।
- ৩। সরকারি পাওনা আদায় আইন, ১৯১৩ ও সার্টিফিকেট কেস নিষ্পত্তির প্রক্রিয়া।
- ৪। সরকারি পাওনা আদায় আইনের প্রয়োগ (ব্যবহারিক- কেস নথী পর্যালোচনা, আদেশনামা তৈরি, ফরমস এর ব্যবহার)।

মডিউল - ৫ : উত্তরাধিকার আইন , মিউটেশন, ভূমি অফিস পরিদর্শন এবং রেজিস্টার ও রিটার্ন ।

- ১। উত্তরাধিকার আইন । অধিবেশন- ১ : মুসলিম উত্তরাধিকার আইন।
- ২। উত্তরাধিকার আইন । অধিবেশন- ২ : হিন্দু, বৌদ্ধ, খ্রীষ্টান ও বাংলাদেশে প্রযোজ্য অন্যান্য উত্তরাধিকার আইন।
- ৩। মিউটেশন বা নামজারী - জমাভাগ, জমা একত্রীকরণ ও নতুন খতিয়ান সৃজন) এবং সংশ্লিষ্ট রেজিস্টার হালকরণ।
- ৪। মিউটেশন ব্যবহারিক - মামলা সৃজন, আদেশনামা তৈরি, আপিল, রিভিউ এবং রিভিশন।
- ৫। উপজেলা ভূমি অফিস/ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন।
- ৬। ভূমি ব্যবস্থাপনায় ব্যবহৃত রেজিস্টার, রিটার্ন ও ফরমস।
- ৭। বিভিন্ন রেজিস্টার হালকরণ ও রিটার্ন প্রস্তুত (ব্যবহারিক)

মডিউল - ৬ : ভূমি সংশ্লিষ্ট অন্যান্য আইন।

- ১। সম্পত্তি হস্তান্তর আইন- ১৮৮২, এবং বাটোয়ারা আইন, ১৮৯৩।
- ২। রেজিস্ট্রেশন আইন, ১৯০৮, বিভিন্ন প্রকার দলিল ও চুক্তি পত্র এবং এগুলির রেজিস্ট্রেশন পদ্ধতি ।
- ৩। ভূমি প্রশাসন ম্যানুয়াল।
- ৪। তামাদি আইন ও সুনির্দিষ্ট প্রতিকার আইন।
- ৫। The Government and Local Authorities Lands and Buildings (Recovery of Possession) Ordinance, 1970 এবং অবৈধ দখল উচ্ছেদ কার্যক্রম ও সংশ্লিষ্ট অন্যান্য আইন ও বিধি।
- ৬। সিকস্তি ও পয়োস্তি সংক্রান্ত আইন ও সম্পত্তি ব্যবস্থাপনা।

মডিউল - ৭ : ভূমি অধিগ্রহণ।

- ১। (ক) স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ ১৯৮২ (সংশোধনীসহ)।
- ২। অধিগ্রহণকৃত জমির ভূমি উন্নয়ন কর নির্ধারণ ও আদায়, ক্ষতিগ্রস্থদের পূর্ণবাসন এবং উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন।

মডিউল - ৮ : দেওয়ানী আইন, ভূমি কেন্দ্রীক দেওয়ানী মামলা এবং রাজস্ব মামলা।

- ১-২। দেওয়ানী কার্যবিধি, ১৯০৮।
- ৩। ভূমি কেন্দ্রীক দেওয়ানী মামলা, বিভিন্ন প্রকার রাজস্ব ও বিবিধ মামলা।

- ৪। দেওয়ানী মামলার আর্জি ও দফাওয়ারী জবাব (এস,এফ) প্রস্তুতকরণ।
- ৫। রিট, স্থায়ী ও অস্থায়ী নিষেধাজ্ঞা এবং আদালত অবমাননার মামলা ইত্যাদি।
- ৬। লিগ্যাল রিমেমবারেনসার্স এ্যাক্ট, সরকারি উকিল নিয়োগ, সরকারি মামলা পরিচালনা।
- ৭। রাজস্ব আদালতের মামলায় ভুলত্রুটি এবং ভূমি আপীল বোর্ড এর এখতিয়ার।
- ৮। ভূমি কেন্দ্রীক জালিয়াতি ও দূনীতি এবং এর প্রতিকার ও প্রতিরোধের উপায়।

মডিউল - ৯ : ভূমি জরিপ ও রেকর্ড।

- ১। ক্যাডাস্ট্রাল জরিপ ও দিয়ারা জরিপ এবং কর্মকর্তা-কর্মচারীদের করণীয়।
- ২। আন্তঃজেলা, আন্তঃথানা, আন্তঃইউপি, আন্তঃমৌজা ও আন্তর্জাতিক সীমানা নির্ধারণ ও সহকারী কমিশনার(ভূমি) এর দায়িত্ব।
- ৩। রেকর্ড ম্যানুয়াল, ১৯৪৩ এবং রেকর্ড রুম ব্যবস্থাপনা ও রেকর্ড সংরক্ষণ।

মডিউল - ১০ : ভূমি সংস্কার কার্যক্রম।

- ১। ভূমি সংস্কার অধ্যাদেশ- ১৯৮৪ এবং ঋণ শালিসি আইন, ১৯৮৯ এবং ল্যান্ড জোনিং প্রকল্পের কার্যক্রম।
- ২। দারিদ্র বিমোচন কার্যক্রম : আদর্শ গ্রাম, আশ্রয়ণ প্রকল্প, ক্লাইমেট ভিকটিমস রিহ্যাবিলিটেশন প্রজেক্ট (গুচ্ছগ্রাম) ।

মডিউল - ১১ : পার্বত্য ভূমি ব্যবস্থাপনা ।

- ১। পার্বত্য চট্টগ্রাম রেগুলেশন, ১৯০০ এবং এ আইনে ভূমি সংক্রান্ত বিধান; পার্বত্য ভূমি ব্যবস্থাপনায় সার্কেল চীফ, হেডম্যান ও কার্বারীর ভূমিকা এবং খাজনা ও জুমকর নির্ধারণ ও আদায়।
- ২। ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশন আইন, ২০০১ ও বিরোধ নিষ্পত্তি কার্যক্রম এবং পার্বত্য ভূমির জরিপ ও রেকর্ড অব রাইটস তৈরি, , হাট বাজার ব্যবস্থাপনা এবং ভূমি অধিগ্রহণ পদ্ধতি।

মডিউল - ১২ : বিবিধ ।

- ১। ভূমির শ্রেণি বিভাগ ও শ্রেণি পরিবর্তন।
- ২। রিয়াল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা আইন, ২০১০ এবং বাড়ী ভাড়া, পজেশন এবং বহুতল ভবনের মালিকানা।
- ৩। ইটভাটা, খেলার মাঠ, উন্মুক্ত স্থান, ক্ষুদ্র নৃগোষ্ঠির জমি, সুখাধিকার এবং প্রাকৃতিক জলাধার সংরক্ষণ আইন, ২০০০।
- ৪। ভূমি বিরোধের উৎস ও স্বরূপ এবং নিষ্পত্তি প্রক্রিয়া (আন্তঃব্যক্তি, আন্তঃমৌজা, আন্তঃজেলা ও আন্তর্জাতিক)।
- ৫। নিজ অফিস ও ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন (গুরুত্বপূর্ণ দিক সমূহ ও পরিদর্শন কলা কৌশল)।
- ৬। সহকারী কমিশনার (ভূমি) এর দায়িত্ব ও কর্তব্য।
- ৭-৯। দলীয় আলোচনা, প্রতিবেদন প্রস্তুত ও উপস্থাপন।

মডিউল - ১৩ : ভূমি ব্যতীত অন্যান্যভাবে রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ বিষয়ে প্রশিক্ষণ ।

- ১। সাসটেনেবল ডেভেলপমেন্ট গোল (এসডিজি), এবং পারস্পেকটিভ প্লান (পিপি)।
- ২। ভূমি বিষয়ক আর্থিক ব্যবস্থাপনা, রাজস্ব অডিট ও অডিট আপত্তি নিষ্পত্তি।
- ৩। তথ্য অধিকার আইন, ২০০৯।
- ৪। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)।
- ৫। অটিজম এবং অটিস্টিকদের সহায়তা। ও ডিডিও এর ক্ষমতা এবং

- ৬। সরকারি ক্রয় নীতিমালা (পিপিআর) এবং ডিডিও এর ক্ষমতা ।
 ৭। ভূমি ব্যবস্থাপনার সেবা সহজীকরণ এবং উদ্ভাবনী চিন্তা চেতনা।
 ৮-১২। সহকারী কমিশনার(ভূমিঅফিস ভিজিট (মাঠ সংযুক্তি)।

প্রশিক্ষণ কোর্স নং - ৪

সহকারী কমিশনার ও সমপর্যায়ের অন্যান্য দপ্তরের কর্মকর্তাদের জন্য “ভূমি ব্যবস্থাপনা কোর্স” (মেয়াদ-২ সপ্তাহ = অধিবেশন- ৫০টি অধিবেশন)।

মডিউল - ১ : ভূমি ব্যবস্থার বিবর্তন, ভূমি আইন , বিধি ও নীতিমালা।

- ১। ভূমি ব্যবস্থার বিবর্তন, ভূমি সংশ্লিষ্ট আইন ও বিধি এবং ভূমি মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তরের সাংগঠনিক কাঠামো এবং কাজ।
 ২। রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন - ১৯৫০ : অধিবেশন-১ : ধারা : ০১ - ৭৮।
 ৩। রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন - ১৯৫০: অধিবেশন- ২ : ধারা : ৭৯ - ১৫২।
 ৪। প্রজাস্বত্ব বিধিমালা - ১৯৫৫।
 ৫। ভূমি ব্যবহার নীতিমালা, ২০০১।
 ৬। ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়াল- ১৯৯০ ।

মডিউল - ২ : খাস জমি ও সায়রাত মহাল ব্যবস্থাপনা।

- ১। খাস জমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত নীতিমালা অধিবেশন - ১ : কৃষি
 ২। খাস জমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত নীতিমালা অধিবেশন - ২ : অকৃষি
 ৩। The Sairat Mahals(Management) Ordinance, ১৯৫৯ এবং জল মহাল, ঘাট -ফেরীঘাট, লবন, চিংড়ি, চা বাগান, পাথর মহাল ইত্যাদি ব্যবস্থাপনা ।
 ৪। (ক) The Hats and Bazars(Establishment and Acquisition) Ordinance, ১৯৫৯
 (খ) The Bangladesh Government Hats and Bazars(management) (Repeal) Ordinance, ১৯৭৫ এবং হাটবাজার ব্যবস্থাপনা।
 ৫। বালু মহাল ব্যবস্থাপনা এবং বালু ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০।

মডিউল - ৩ : অর্পিত সম্পত্তি ; পরিত্যক্ত, বিনিময়, ট্রাস্ট ও কোর্ট অব ওয়ার্ডস সম্পত্তি এবং ওয়াক্ফ ও দেবোত্তর সম্পত্তি ব্যবস্থাপনা।

- ১। অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ ও অর্পিত সম্পত্তির ক ওখ তালিকা নিষ্পত্তি।
 ২। পরিত্যক্ত, বিনিময়, ট্রাস্ট এবং কোর্ট অব ওয়ার্ডস সম্পত্তির আইন ও ব্যবস্থাপনা।
 ৩। ওয়াক্ফ এবং দেবোত্তর সম্পত্তি আইন ও সম্পত্তি ব্যবস্থাপনা।

মডিউল - ৪ : ভূমি উন্নয়ন কর ও সরকারি পাওনা আদায় আইন।

- ১। ভূমি উন্নয়ন কর অধিবেশন-১ : ভূমি উন্নয়ন কর অধ্যাদেশ, বিধি ও সার্কুলারসমূহ।
 ২। ভূমি উন্নয়ন কর অধিবেশন-২ : ভূমি উন্নয়ন কর নির্ধারণ ও আদায় কার্যক্রম।
 ৩। সরকারি পাওনা আদায় আইন, ১৯১৩ ও সার্টিফিকেট কেস নিষ্পত্তির প্রক্রিয়া।

মডিউল - ৫ : উত্তরাধিকার আইন , মিউটেশন, রেজিস্টার ও রিটার্ন এবং ভূমি অফিস পরিদর্শন।

- ১। উত্তরাধিকার আইন । অধিবেশন-১ : মুসলিম উত্তরাধিকার আইন।
- ২। উত্তরাধিকার আইন । অধিবেশন-২ : হিন্দু, বৌদ্ধ, খ্রীষ্টান ও বাংলাদেশে প্রযোজ্য অন্যান্য উত্তরাধিকার আইন।
- ৩। মিউটেশন বা নামজারী (জমাভাগ, জমা একত্রীকরণ ও নতুন খতিয়ান) এবং সংশ্লিষ্ট রেজিস্টার হালকরণ।
- ৪। মিউটেশন ব্যবহারিক (মামলা সৃজন, আদেশনামা তৈরি, মামলার আপিল, রিভিউ এবং রিভিশন)।
- ৫। উপজেলা ভূমি অফিস/ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন।
- ৬। ভূমি ব্যবস্থাপনায় ব্যবহৃত রেজিস্টার, রিটার্ন ও ফরমস।

মডিউল - ৬ : ভূমি সংশ্লিষ্ট অন্যান্য আইন।

- ১। সম্পত্তি হস্তান্তর আইন-১৮৮২ এবং বাটোয়ারা আইন, ১৯০৯।
- ২। রেজিস্ট্রেশন আইন, ১৯০৮ এবং বিভিন্ন প্রকার দলিল ও চুক্তি পত্র, রেজিস্ট্রেশন পদ্ধতি ও কোর্ট ফি ।
- ৩। ভূমি প্রশাসন ম্যানুয়াল।
- ৪। তামাদি আইন ও সুনির্দিষ্ট প্রতিকার আইন।
- ৫। The Government and Local Authorities Lands and Buildings (Recovery of Possession) Ordinance, ১৯৭০ এবং অবৈধ দখল উচ্ছেদ কার্যক্রম ও সংশ্লিষ্ট অন্যান্য আইন ও বিধি।
- ৬। সিকস্টি ও পয়োস্টি সংক্রান্ত আইন এবং কর্মকর্তা কর্মচারীদের করণীয়।

মডিউল - ৭ : ভূমি অধিগ্রহণ।

- ১। স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল অধ্যাদেশ, ১৯৮২।
- ২। অধিগ্রহণকৃত জমির ভূমি উন্নয়ন কর নির্ধারণ ও আদায়, ক্ষতিগ্রস্থদের পূর্ণবাসন এবং উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন।

মডিউল - ৮ : দেওয়ানী আইন, ভূমি কেন্দ্রীক দেওয়ানী মামলা এবং রাজস্ব মামলা।

- ১। দেওয়ানী কার্যবিধি, ১৯০৮।
- ২। ভূমি কেন্দ্রীক দেওয়ানী এবং বিভিন্ন প্রকার রাজস্ব ও বিবিধ মামলা।
- ৩। দেওয়ানী মামলার আর্জি ও দফাওয়ারী জবাব (এস,এফ) প্রস্তুতকরণ।
- ৪। রিট, স্থায়ী ও অস্থায়ী নিষেধাজ্ঞা এবং আদালত অবমাননার মামলা।
- ৫। লিগ্যাল রিমেমবারেসারস এ্যাক্ট, সরকারি উকিল নিয়োগ, সম্মানী প্রদান, সরকারি মামলা পরিচালনা।
- ৬। ভূমি কেন্দ্রীক জালিয়াতি ও দুর্নীতি এবং এর প্রতিকার ও প্রতিরোধের উপায়।

মডিউল - ৯ : ভূমি জরিপ ও রেকর্ড।

- ১। ক্যাডাস্ট্রাল জরিপ ও দিয়ারা জরিপ এবং কর্মকর্তা-কর্মচারীদের করণীয়।
- ২। রেকর্ড ম্যানুয়াল, ১৯৪৩ এবং রেকর্ড রুম ব্যবস্থাপনা ও রেকর্ড সংরক্ষণ।

মডিউল - ১০ : ভূমি সংস্কার কার্যক্রম।

- ১। ভূমি সংস্কার অধ্যাদেশ- ১৯৮৪ এবং ঋণ শালিসি আইন, ১৯৮৯ এবং ল্যান্ড জোনিং প্রকল্পের কার্যক্রম।
- ২। দারিদ্র বিমোচন কার্যক্রম : আদর্শ গ্রাম, আশ্রয়ণ প্রকল্প, ক্লাইমেট ভিকটিমস রিহাবিলিটেশন প্রজেক্ট(গুচ্ছগ্রাম)/

মডিউল - ১১ : পার্বত্য ভূমি ব্যবস্থাপনা ।

- ১। পার্বত্য চট্টগাম রেগুলেশন, ১৯০০ এবং এ আইনে ভূমি সংক্রান্ত বিধান; পার্বত্য ভূমি ব্যবস্থাপনায় সার্কেল চীফ, হেডম্যান ও কার্বারীর ভূমিকা এবং খাজনা ও জুমকর নির্ধারণ ও আদায়।
- ২। ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশন আইন, ২০০১ ও বিরোধ নিষ্পত্তি কার্যক্রম এবং পার্বত্য ভূমির জরিপ ও রেকর্ড অব রাইটস তৈরি, , হাট বাজার ব্যবস্থাপনা এবং ভূমি অধিগ্রহণ পদ্ধতি।

মডিউল - ১২ : বিবিধ ।

- ১। ভূমির শ্রেণি বিভাগ ও শ্রেণি পরিবর্তন।
- ২। রিয়াল এস্টেট উন্নয়ন ও ব্যবস্থাপনা আইন, ২০১০, ৮। প্রাকৃতিক জলাধার সংরক্ষণ আইন, ২০০০ এবং এবং ভাড়া, পজেশন এবং বহতল ভবনের মালিকানা।
- ৩। ইটভাটা, খেলার মাঠ, উন্মুক্ত স্থান, ক্ষুদ্র নৃগোষ্ঠির জমি, সুখাধিকার এবং প্রাকৃতিক জলাধার সংরক্ষণ আইন, ২০০০।
- ৪। ভূমি বিরোধের উৎস ও স্বরূপ এবং নিষ্পত্তি প্রক্রিয়া (আন্তঃব্যক্তি, আন্তঃমোজা, আন্তঃজেলা ও আন্তর্জাতিক)।
- ৫-৬। দলীয় আলোচনা, প্রতিবেদন প্রস্তুত ও উপস্থাপন।
- ৭। ভূমি অফিস পরিদর্শন (গুরুত্বপূর্ণ দিক সমূহ ও পরিদর্শন কলা কৌশল)।

মডিউল - ১৩ : ভূমি ব্যতীত অন্যান্যভাবে রাষ্ট্রীয় গুরুত্বপূর্ণ বিষয়ে প্রশিক্ষণ ।

- ১। সাসটেনেবল ডেভেলপমেন্ট গোল (এসডিজি), ভিশন ২০২১ এবং পারস্পেকটিভ প্লান (পিপি)।
- ২। ভূমি বিষয়ক আর্থিক ব্যবস্থাপনা, রাজস্ব অডিট ও অডিট আপত্তি নিষ্পত্তি।
- ৩। তথ্য অধিকার আইন, ২০০৯।
- ৪। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)।
- ৫। অটিজম এবং অটিস্টিকদের সহায়তা।

প্রশিক্ষণ কোর্স নং – ৫

ভূমি হুকুমদখল কর্মকর্তা ও অতিরিক্ত ভূমি হুকুম দখল কর্মকর্তাগণের জন্য “ভূমি অধিগ্রহণ বিষয়ক কোর্স-১” (মেয়াদ-১ সপ্তাহ = বাস্তবায়ন ২৫টি অধিবেশন)।

বিষয় সমূহ :

- ১। অধিগ্রহণ আইনের ক্রমবিকাশ ।
- ২। ভূমি ব্যবহার নীতিমালা ও ভূমি ব্যবস্থাপনার অধুনিকায়ন।
- ৩-৪। রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন-১৯৫০
- ৫। প্রজাস্বত্ব বিধিমালা-১৯৫৫।
- ৬-৮। ভূমি অধিগ্রহণ পদ্ধতি(স্বাবর সম্পত্তি অধিগ্রহণ অধ্যাদেশ, ১৯৮২ এবং বিধিসমূহ)।
অধিবেশন- ১ : ৩ ধারার নোটিশ প্রদান, কেস নথি সৃজন, আপত্তি ও শুনানী, চূড়ান্ত সিদ্ধান্ত । ৬ ধারায় নোটিশ প্রদান, সরেজমিনে পরিদর্শন ও ভিডিও ধারণ, সঠিক মালিক নির্ধারণ, ক্ষতিপূরণ নির্ধারণ, ক্ষতিপূরণ প্রদান ও ক্ষতিগ্রস্তদের পূর্ণবাসন।
অধিবেশন-২ : কেস বাতিল করণ, দখল হস্তান্তর, গেজেট বিজ্ঞপ্তি ও নামজারী, ক্রোক অধিগ্রহণ কার্যক্রম।
অধিবেশন- ৩ : আরবিট্রেটর নিয়োগ, আবেদন পেশ, শুনানী, আপীল, অতিরিক্ত ক্ষতিপূরণ নির্ধারণ ও প্রদান।

- ৯। এল এ ম্যানুয়াল (রেজিস্টার ও ফরমস)।
- ১০। পার্বত্য চট্টগ্রাম (ভূমি অধিগ্রহণ) ১৯৫৮ রেগুলেশন
- ১১। অস্থাবর সম্পত্তি হুকুম দখল (ক্ষতিপূরণ) ১৯৯০ -বিধিমালা (
- ১২। অধিগ্রহণ কাজে নিয়োজিত কর্মকর্তা কর্মচারীদের কর্ম বন্টন(চার্টার অব ডিউটিজ) তালিকা।
- ১৩। অধিগ্রহীত জমির ভূমি উন্নয়ন কর নির্ধারণ ও আদায় এবং আদায় কাজে ব্যবহৃত ফরমস ও রেজিস্টার সমূহ।
- ১৪। এল,এ কেসের আনুষ্ঠানিক খরচের জন্য অর্থ সংস্থান এবং ব্যয়, অধিগ্রহীত ভূমির রেকর্ড হালকরণ পদ্ধতি; এক প্রত্যাশী সংস্থার জমি অন্য প্রত্যাশী সংস্থাকে প্রদান, সম্পত্তির যথোপযুক্ত কাজে ব্যবহার এবং অপ্রয়োজনীয় অধিকৃত জমি সমর্পণ।
- ১৫। দেওয়ানী আদালতে অধিগ্রহণ সংক্রান্ত মামলা এবং দফাওয়ারী জবাব।
- ১৬। অধিগ্রহণ সংক্রান্ত আর্থিক ব্যবস্থাপনা ও অডিট আপত্তি নিষ্পত্তি প্রক্রিয়া।
- ১৭। ক্ষতিগ্রস্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের করনীয় কাজ-আবেদন পদ্ধতি, চাহিত কাগজপত্র/দলিল দস্তাবেজ ইত্যাদি।
- ১৮। পদাধীকার অধিগ্রহণ সংক্রান্ত আইন।
- ১৯। সাসটেনেবল ডেভেলপমেন্ট গোল (এসডিজি), ভিশন ২০২১ এবং পারস্পেকটিভ প্লান (পিপি)।
- ২০। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)।
- ২১। অটিজম এবং অটিস্টিকদের সহায়তা। ও ডিডিও এর ক্ষমতা এবং
- ২২। সরকারি ক্রয় নীতিমালা (পিপিআর) এবং ডিডিও এর ক্ষমতা।
- ২৩। ভূমি অধিগ্রহণ কাজে দুর্নীতি; এর কারণ, প্রতিকার ও প্রতিরোধ।
- ২৪-২৫। সুনির্দিষ্ট বিষয়ে দলীয় আরোচনা উপস্থাপন।

প্রশিক্ষণ কোর্স নং - ৬

অধিগ্রহণ সংশ্লিষ্ট কানুনগো, সেটলমেন্ট কানুনগো, উপ সহকারী সেটলমেন্ট অফিসার এবং সমপর্যায়ের কর্মকর্তাগণের জন্য “ভূমি অধিগ্রহণ বিষয়ক কোর্স-২” (মেয়াদ-১ সপ্তাহ = বাস্তবায়ন ২৫টি অধিবেশন)।

বিষয় সমূহ :

- ১। অধিগ্রহণ আইনের ক্রমবিকাশ।
- ২। ভূমি ব্যবহার নীতিমালা ও ভূমি ব্যবস্থাপনার অধুনিকায়ন।
- ৩-৪। রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন-১৯৫০
- ৫। প্রজাস্বত্ব বিধিমালা-১৯৫৫।
- ৬-৮। ভূমি অধিগ্রহণ পদ্ধতি(স্থাবর সম্পত্তি অধিগ্রহণ অধ্যাদেশ, ১৯৮২ এবং বিধিসমূহ)।
- অধিবেশন- ১ : ৩ ধারার নোটিশ প্রদান, কেস নথি সৃজন, আপত্তি ও শুনানী, চূড়ান্ত সিদ্ধান্ত। ৬ ধারায় নোটিশ প্রদান, সরেজমিনে পরিদর্শন ও ভিডিও ধারণ, সঠিক মালিক নির্ধারণ, ক্ষতিপূরণ নির্ধারণ, ক্ষতিপূরণ প্রদান ও ক্ষতিগ্রস্তদের পূর্ণবাসন।
- অধিবেশন-২ : কেস বাতিল করণ, দখল হস্তান্তর, গেজেট বিজ্ঞপ্তি ও নামজারী, ক্রোক অধিগ্রহণ কার্যক্রম।
- অধিবেশন- ৩ : আরবিট্রেটর নিয়োগ, আবেদন পেশ, শুনানী, আপীল, অতিরিক্ত ক্ষতিপূরণ নির্ধারণ ও প্রদান।

- ৯। এল এ ম্যানুয়াল (রেজিস্টার ও ফরমস)।
- ১০। পার্বত্য চট্টগ্রাম (ভূমি অধিগ্রহণ) রেগুলেশন, ১৯৫৮।

- ১১। অস্থাবর সম্পত্তি হকুম দখল (ক্ষতিপূরণ) ১৯৯০ -বিধিমালা (
- ১২। অধিগ্রহণ কাজে নিয়োজিত কর্মকর্তা কর্মচারীদের কর্ম বন্টন(চার্টার অব ডিউটিজ তালিকা)।
- ১৩। অধিগ্রহীত জমির ভূমি উন্নয়ন কর নির্ধারণ ও আদায় এবং আদায় কাজে ব্যবহৃত ফরমস ও রেজিস্টার সমূহ।
- ১৪। এল,এ কেসের আনুষ্ঠানিক খরচের জন্য অর্থ সংস্থান এবং ব্যয়, অধিগ্রহীত ভূমির রেকর্ড হালকরণ পদ্ধতি; এক প্রত্যাশী সংস্থার জমি অন্য প্রত্যাশী সংস্থাকে প্রদান, সম্পত্তির যথোপযুক্ত কাজে ব্যবহার এবং অপ্রয়োজনীয় অধিকৃত জমি সমর্পণ।
- ১৫। দেওয়ানী আদালতে অধিগ্রহণ সংক্রান্ত মামলা এবং দফাওয়ারী জবাব।
- ১৬। অধিগ্রহণ সংক্রান্ত আর্থিক ব্যবস্থাপনা ও অডিট আপত্তি নিষ্পত্তি প্রক্রিয়া।
- ১৭। ক্ষতিগ্রস্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের করণীয় কাজ-আবেদন পদ্ধতি, চাহিত কাগজপত্র/দলিল দস্তাবেজ ইত্যাদি।
- ১৮। পদাধীনের অধিগ্রহণ সংক্রান্ত আইন।
- ১৯। সাসটেনেবল ডেভেলপমেন্ট গোল (এসডিজি), ভিশন ২০২১ এবং পারস্পেকটিভ প্লান (পিপি)।
- ২০। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)।
- ২১। অটিজম এবং অটিস্টিকদের সহায়তা। ও ডিডিও এর ক্ষমতা এবং
- ২২। সরকারি ক্রয় নীতিমালা (পিপিআর) এবং ডিডিও এর ক্ষমতা।
- ২৩। ভূমি অধিগ্রহণ কাজে দুর্নীতি; এর কারণ, প্রতিকার ও প্রতিরোধ।
- ২৪-২৫। সুনির্দিষ্ট বিষয়ে দলীয় আরোচনা উপস্থাপন।

প্রশিক্ষণ কোর্স নং - ৭

ভূমি সহকারী/উপ সহকারী কর্মকর্তা; সার্ভেয়ার, পেশকার; বেঞ্চ/রাজস্ব/ সার্টিফিকেট সহকারী ও সম পর্যায়ের কর্মচারীগণের জন্য “বিশেষ ভূমি ব্যবস্থাপনা কোর্স - ১” (মেয়াদ-২ সপ্তাহ = বাস্তবায়ন ৫০ টি অধিবেশন)।

মডিউল - ১ : ভূমি ব্যবস্থাপনার বিবর্তন, ভূমি অফিস, আইন ও কমিটির কার্যক্রম।

- ১। ভূমি ব্যবস্থাপনার বিবর্তন এবং বিদ্যমান ভূমি সংশ্লিষ্ট আইন ও বিধি।
- ২। ভূমি মন্ত্রণালয় এবং অধীনস্থ দপ্তরের সাংগঠনিক কাঠামো এবং কার্যাবলী।
- ৩-৪। রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ (সংশোধনীসহ)
- ৫। প্রজাস্বত্ব বিধিমালা - ১৯৫৫।
- ৬। জেলা, উপজেলা এবং ইউনিয়ন পর্যায়ে গঠিত ভূমি বিষয়ক কমিটি এবং কমিটির কার্যক্রম।
- ৭-৮। ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়েল-১৯৯০।

মডিউল - ২ : খাস জমি ও সায়রাত মহাল ব্যবস্থাপনা।

- ১। খাস কৃষি এবং অকৃষি জমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত নীতিমালা।
- ২। সায়রাত মহাল ব্যবস্থাপনা। অধিবেশন-১ : হাটবাজার, ঘাট/ ফেরীঘাট সংক্রান্ত আইন ও ব্যবস্থাপনা।
- ৩। সায়রাত মহাল ব্যবস্থাপনা। অধিবেশন-২ : জল, বালু, চা বাগান ইত্যাদি মহাল ব্যবস্থাপনা।

মডিউল - ৩ : খাস জমি ব্যতীত জনস্বার্থ সম্পর্কিত অন্যান্য জমি ব্যবস্থাপনা।

- ১। অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন-২০০১ এবং সম্পত্তি ব্যবস্থাপনা।
- ২। ওয়াক্ফ ও দেবোত্তর সম্পত্তি আইন ও সম্পত্তি ব্যবস্থাপনা।
- ৩। পরিত্যক্ত, বিনিময় ও ট্রাস্ট সম্পত্তির আইন ও ব্যবস্থাপনা।

মডিউল - ৪ : সরকারি দাবি আদায় আইন।

১। সরকারি দাবি আদায় আইন, ১৯১৩ ও সার্টিফিকেট কেস নিষ্পত্তির প্রক্রিয়া।

মডিউল - ৫ : উত্তরাধিকার আইন, মিউটেশন, রেজিস্টার ও রিটার্ন এবং ভূমি অফিস পরিদর্শন।

১-২। উত্তরাধিকার আইন । অধিবেশন- ১ : মুসলিম উত্তরাধিকার আইন এবং

অধিবেশন- ২ : হিন্দু, বৌদ্ধ, খ্রীষ্টান ও বাংলাদেশে প্রযোজ্য অন্যান্য উত্তরাধিকার আইন।

৩। মিউটেশন বা নামজারী (জমাভাগ, জমা একত্রীকরণ ও নতুন খতিয়ান সৃজন) এবং সংশ্লিষ্ট রেজিস্টার হালকরণ।

৪। ভূমি ব্যবস্থাপনায় ব্যবহৃত রেজিস্টার ও রিটার্নসমূহ।

৫। উপজেলা এবং ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন।

মডিউল - ৬ : ভূমি সংশ্লিষ্ট অন্যান্য আইন।

১। সম্পত্তি হস্তান্তর আইন- ১৮৮২ ও রেজিস্ট্রেশন আইন- ১৯০৮।

২। বিভিন্ন প্রকার দলিল ও চুক্তি পত্র এবং এগুলির রেজিস্ট্রেশন পদ্ধতি ও কোর্ট ফিসহ অন্যান্য কর হার।

৩। ভূমি প্রশাসন ম্যানুয়াল।

৪। অবৈধ দখল ও উচ্ছেদ কার্যক্রম এবং সংশ্লিষ্ট আইন ও বিধি।

৫। সিকস্তি ও পয়স্টি আইন এবং কর্মকর্তা কর্মচারীদের করণীয়।

মডিউল - ৭ : ভূমি অধিগ্রহণ।

১। স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হকুম দখল অধ্যাদেশ ১৯৮২।

২। সম্পত্তি জরুরী অধিগ্রহণ আইন ১৯৮৯ ও বিধিমালা।

৩। অস্থাবর সম্পত্তি হকুম দখল (ক্ষতিপূরণ) বিধিমালা- ১৯৯০

৪। তামাদি আইন এবং সুনির্দিষ্ট প্রতিকার আইন।

মডিউল - ৮ : ভূমি কেন্দ্রীক দেওয়ানী ও রাজস্ব মামলা এবং জালিয়াতি ও দুর্নীতি।

১। ভূমি কেন্দ্রীক দেওয়ানী মামলা।

২। দেওয়ানী মামলার আর্জি ও দফাওয়ারী জবাব (এস,এফ) প্রস্তুতকরণ।

৩। সরকারি উকিল নিয়োগ, সম্মানী প্রদান, সরকারি মামলা পরিচালনা।

৪। বিভিন্ন প্রকার রাজস্ব ও বিবিধ মামলা।

৫। ভূমি কেন্দ্রীক জালিয়াতি ও দুর্নীতি এবং এর প্রতিকার ও প্রতিরোধের উপায়।

মডিউল - ৯ : ভূমি জরিপ ও রেকর্ড।

১। ভূমি জরিপ পদ্ধতি ।

২। সিকস্তি ও পয়স্টি সংক্রান্ত আইন।

মডিউল - ১০ : ভূমি সংস্কার কার্যক্রম।

১। ভূমি সংস্কার অধ্যাদেশ- ১৯৮৪ এবং ঋণ শালিসি আইন, ১৯৮৯।

২। দারিদ্র বিমোচন কার্যক্রম : আদর্শ গ্রাম, আশ্রয়ণ প্রকল্প, ক্লাইমেট ভিকটিম রিহ্যাবিলিটেশন প্রজেক্ট(গুচ্ছগ্রাম)।

মডিউল - ১১ : বিবিধ ।

- ১। ভূমির শ্রেণি বিভাগ ও শ্রেণি পরিবর্তন।
- ২। ভূমি ব্যবস্থাপনা সংক্রান্ত অডিট আপত্তি ও নিষ্পত্তির প্রক্রিয়া।
- ৩। সাসটেনেবল ডেভেলপমেন্ট গোল (এসডিজি) এবং পারস্পেকটিভ প্লান (পিপি)।
- ৪। ভূমি বিষয়ক আর্থিক ব্যবস্থাপনা, রাজস্ব অডিট ও অডিট আপত্তি নিষ্পত্তি।
- ৫। তথ্য অধিকার আইন, ২০০৯।
- ৬। অটিজম এবং অটিস্টিকদের সহায়তা।

প্রশিক্ষণ কোর্স নং - ০৮

ভূমি মন্ত্রণালয়ের সংযুক্ত অধিদপ্তর/দপ্তরে কর্মরত কর্মচারীগণের জন্য “বিশেষ ভূমি ব্যবস্থাপনা কোর্স - ২” (মেয়াদ- ২ সপ্তাহ = বাস্তবায়ন ৫০টি অধিবেশন)।

মডিউল - ১ : ভূমি ব্যবস্থাপনার বিবর্তন, ভূমি অফিস, আইন ও কমিটির কার্যক্রম।

- ১। ভূমি ব্যবস্থাপনার বিবর্তন এবং বিদ্যমান ভূমি সংশ্লিষ্ট আইন ও বিধি।
- ২। ভূমি মন্ত্রণালয় এবং অধীনস্থ দপ্তরের সাংগঠনিক কাঠামো এবং কার্যাবলী।
- ৩। রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ (সংশোধনীসহ)
- ৪। প্রজাস্বত্ব বিধিমালা - ১৯৫৫।
- ৫। জাতীয়, বিভাগ এবং জেলা পর্যায়ে গঠিত ভূমি বিষয়ক কমিটি এবং কমিটির কার্যক্রম।
- ৬। ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়েল-১৯৯০।

মডিউল - ২ : খাস জমি ও সায়রাত মহাল ব্যবস্থাপনা।

- ১। খাস কৃষি ও অকৃষি জমি ব্যবস্থাপনা ও বন্দোবস্ত নীতিমালা।
- ২। সায়রাত মহাল ব্যবস্থাপনা । অধিবেশন-১ : হাটবাজার, ঘাট/ ফেরীঘাট সংক্রান্ত আইন ও ব্যবস্থাপনা।
- ৩। সায়রাত মহাল ব্যবস্থাপনা । অধিবেশন-২ : জল মহাল, বালু মহাল, চা বাগান ইত্যাদি মহাল ব্যবস্থাপনা ।

মডিউল - ৩ : খাস জমি ব্যতীত জনস্বার্থ সম্পর্কিত অন্যান্য জমি ব্যবস্থাপনা।

- ১। অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন-২০০১ এবং সম্পত্তি ব্যবস্থাপনা।
- ২। ওয়াকুফ ও দেবোত্তর সম্পত্তি আইন ও সম্পত্তি ব্যবস্থাপনা।
- ৩। পরিত্যক্ত, বিনিময় ও ট্রাস্ট সম্পত্তির আইন ও ব্যবস্থাপনা।

মডিউল - ৪ : উত্তরাধিকার আইন, মিউটেশন, রেজিস্টার ও রিটার্ন এবং ভূমি অফিস পরিদর্শন।

- ১। উত্তরাধিকার আইন।
- ২। মিউটেশন বা নামজারী (জমাভাগ, জমা একত্রীকরণ ও নতুন খতিয়ান সৃজন) এবং সংশ্লিষ্ট রেজিস্টার হালকরণ।
- ৩। ভূমি ব্যবস্থাপনায় ব্যবহৃত রেজিস্টার ও রিটার্নসমূহ।
- ৪। উপজেলা এবং ইউনিয়ন ভূমি অফিস পরিদর্শন।

মডিউল - ৫ : ভূমি সংশ্লিষ্ট অন্যান্য আইন।

- ১। সম্পত্তি হস্তান্তর আইন- ১৮৮২ ও রেজিস্ট্রেশন আইন- ১৯০৮।
- ২। বিভিন্ন প্রকার দলিল ও চুক্তি পত্র এবং এগুলির রেজিস্ট্রেশন পদ্ধতি ও কোর্ট ফিসহ অন্যান্য কর হার।
- ৩। ভূমি প্রশাসন ম্যানুয়াল।
- ৪। অবৈধ দখল ও উচ্ছেদ কার্যক্রম এবং সংশ্লিষ্ট আইন ও বিধি।
- ৫। সিকস্টি ও পয়স্টি আইন এবং কর্মকর্তা কর্মচারীদের করণীয়।
- ৬। সরকারি পাওনা আদায় আইন, ১৯১৩ ও সার্টিফিকেট কেস নিষ্পত্তির প্রক্রিয়া।

মডিউল - ৬ : ভূমি অধিগ্রহণ।

- ১। স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হকুম দখল অধ্যাদেশ ১৯৮২।
- ২। অধিগ্রহণ সংক্রান্ত বিধিমালা এবং ক্ষতিগ্রস্তদের পুনর্বাসন।

মডিউল - ৭ : ভূমি কেন্দ্রীক দেওয়ানী ও রাজস্ব মামলা এবং জালিয়াতি ও দুর্নীতি।

- ১। ভূমি কেন্দ্রীক দেওয়ানী মামলা।
- ২। দেওয়ানী মামলার আর্জি ও দফাওয়ারী জবাব (এস,এফ) প্রস্তুতকরণ।
- ৩। সরকারি উকিল নিয়োগ, সম্মানী প্রদান, সরকারি মামলা পরিচালনা।
- ৪। বিভিন্ন প্রকার রাজস্ব ও বিবিধ মামলা।
